

পূর্বরাগ

হাতবাড়ালে দুহাত ভরে আকাশ উঠে আসে
 পা বাড়ালে এগিয়ে আসে পাহাড় কি জঙ্গল।
 কলম তুলে নিয়েছি সেই ছন্দে কথা ভাসে
 তোমার চোখ চেয়ে দেখি হাসিতে উচ্ছল।
 চিঠির বাক্সে হাত দিয়েছি ভালবাসার খাম
 উপচে পড়ে যখন তখন; বয়ঃ সন্ধিক্ষণ,
 গাছপালাও অদ্যাবদি জানেনা তোমার নাম
 ধরা পড়ার মতন কোনো ঘটেনি অঘটন।

ধূলার টিপ পরে এসো বাউল মাটি গায়
 আকাশ ছুঁতে পাবার আশা বুকের মধ্যে এনো
 সারেঙ্গিতে বাজাবো গান কিংবা দোতারায়
 যে ঘাটে এই নৌকা ভিড়বে সে - ঘাট তুমি চেনো।

দরজা খোলা, জানলা খোলা, দুইটি খোলা সব
 মনের মধ্যে পূর্বরাগের বিবিধ উৎসব।

হাষিকেশ হালদার

